

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১৫, ২০২১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৩১ ভাদ্র, ১৪২৮ মোতাবেক ১৫ সেপ্টেম্বর, ২০২১

নিম্নলিখিত বিলটি ৩১ ভাদ্র, ১৪২৮ মোতাবেক ১৫ সেপ্টেম্বর, ২০২১ তারিখে জাতীয় সংসদে  
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং-২৯/২০২১

বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ এর অধিকতর  
সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান)  
আইন, ২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি  
(বিশেষ বিধান) (সংশোধন) আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০১০ সনের ৫৪ নং আইনের ধারা ১ এর সংশোধন।—বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ  
বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর ধারা ১ এর উপ-ধারা (২) এ  
উল্লিখিত “১১ (এগার) বৎসর” সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলির পরিবর্তে “১৬ (ষোল) বৎসর” সংখ্যা,  
বন্ধনী এবং শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

( ১৩৫৪১ )

মূল্য : টাকা ৪.০০

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বিদ্যুৎ ও জ্বালানির ক্রমবর্ধমান চাহিদা পূরণ সংশ্লিষ্ট পরিকল্পনা দ্রুত বাস্তবায়নের জন্য প্রণীত “বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০” এর মেয়াদ আগামী ১১ অক্টোবর ২০২১ তারিখ উত্তীর্ণ হবে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন, ২০৩০ সনের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশে এবং ২০৪১ সনের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্যে বিদ্যুৎ ও জ্বালানি খাতের চলমান অবকাঠামোগত উন্নয়ন ধারা অব্যাহত রাখা অপরিহার্য। বিদ্যমান চাহিদার বিপরীতে প্রয়োজনীয় বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা অর্জিত হয়েছে এবং মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে দেয়া হয়েছে। তবে নিরবচ্ছিন্ন এবং মানসম্পন্ন বিদ্যুৎ সেবা নিশ্চিত করার জন্য সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার অধিকতর আধুনিকায়ন ও সম্প্রসারণ করা প্রয়োজন। একই সাথে বিদ্যুৎ খাতে প্রয়োজনীয় জ্বালানি সরবরাহ নিশ্চিত করাসহ দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে জ্বালানি খাতের অবদান অধিক সুসংহত করার লক্ষ্যে জ্বালানি খাতের অবকাঠামো উন্নয়ন, আহরণ, উত্তোলন ও সঞ্চালন ব্যবস্থার উন্নয়নের ধারা চলমান রাখা, বেগবান ও সুসংহত করা অপরিহার্য। তাছাড়া, নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা, ২০০৮ অনুযায়ী নবায়নযোগ্য জ্বালানি উৎস হতে দেশের মোট উৎপাদিত বিদ্যুতের ১০ শতাংশ লক্ষ্যমাত্রা অর্জন করার লক্ষ্যে এখাতে দ্রুত অধিক সংখ্যক প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। এতদপ্রেক্ষাপটে উক্ত আইনের মেয়াদ বৃদ্ধি করা আবশ্যিক।

২। উপর্যুক্ত উদ্দেশ্য পূরণকল্পে, বিদ্যুৎ ও জ্বালানি খাতের গৃহীত পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (সংশোধন) আইন, ২০২১ শীর্ষক বিল মহান জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

নসরুল হামিদ  
ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী।

কে, এম, আব্দুস সালাম  
সচিব।